

AME(111 RTHD)
27/01/2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট শাখা
www.rthd.gov.bd

বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) এর সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ বেলায়েত হোসেন
অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ
তারিখ : ১৭.০১.২০১৯ খ্রিষ্টাব্দ
সময় : বেলা ৩.০০ মিনিট
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট) অবহিত করেন যে অর্থ বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থবছরের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন, হালনাগাদকরণ ও বাজেট প্রাক্কলন, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের প্রক্ষেপণ সংক্রান্ত বাজেট পরিপত্র-১ জারী করা হয়েছে। তদপ্রেক্ষিতে, ০৩.০১.২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG) এর সভার সুপারিশ মোতাবেক ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করা হয়েছে। এ ছাড়া অর্থ বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ন সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক সচিবালয়সহ আওতাধীন দপ্তর/সংস্থার চলতি অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সংশোধিত পরিচালন বাজেটের প্রাক্কলন ০৩.০১.২০১৯ তারিখ অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG) এর সভায় যাচাই-বাহাই করা হয়। সভায় পর্যায়ক্রমে প্রস্তাবসমূহ উপস্থাপন করা হয় এবং তদানুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রাক্কলন ও বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ

১.০ ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ:

১.১ যুগ্মসচিব (বাজেট ও অডিট) জানান যে, বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থবছরে এ বিভাগের জন্য ২,৫৭৮.৩৯ কোটি টাকার রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যা গত চলতি বছরের তুলনায় কিছুটা বেশী। তিনি সভাকে অবহিত করেন যে বিগত বছরসমূহের প্রকৃত অর্জন বিবেচনায় বাজেট ওয়ার্কিং গ্রুপ রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা সচিবালয়, সওজ অধিদপ্তর ও বিআরটিএ'র মধ্যে প্রাথমিকভাবে বিভাজনের সুপারিশ করেছে। সওজ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও বিআরটিএ'র প্রতিনিধি উভয়ই ২০১৯-২০ অর্থবছরে প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার কোন আপত্তি নেই মর্মে জানান।

১.২ সিদ্ধান্ত: ২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ নিম্নরূপভাবে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(অংকসমূহ কোটি টাকায়)

দপ্তর/সংস্থার নাম	বাজেট ২০১৮-১৯	প্রাক্কলন ২০১৯-২০	প্রক্ষেপন ২০২০-২১	প্রক্ষেপন ২০২১-২২
বিআরটিএ	১,৮৩৪.১৯	১,৮৪৮.১৪	২,০৮৭.০০	২৩৩৭.৪৫
সড়ক ও জনপথ অধিদপ্তর	৭০০.১০	৭৩০.০০	৮০০.০০	৮৯৬.০০
সচিবালয়	০.১০	০.২৫	০.৭৯	০.৮৮
সর্বমোট=	২,৫৩৪.৩৪	২,৫৭৮.৩৯	২,৮৮৭.৭৯	৩২৩৪.৩৩

২.০ ব্যয়সীমা বিভাজন (পরিচালন ও উন্নয়ন):

২.১ উপসচিব (বাজেট) অর্থ বিভাগের বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে এ বিভাগের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমা ও বৈদেশিক সহায়তা এবং ২০২০-২০২১ ও ২০২১-২২ অর্থবছরের ব্যয়সীমা সভায় উপস্থাপন করেন। অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত প্রাথমিক ব্যয়সীমা নিম্নরূপ:

(অংকসমূহ কোটি টাকায়)

কোড	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০১৮-১৯	প্রাক্কলন ২০১৯-২০	প্রকল্প সাহায্য ২০১৯-২০	প্রক্ষেপণ	
					২০২০-২১	২০২১-২২
৫০	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	২৪,৩৮০.২৪	২৬,৮০৯.৪৫	৮০০০.০০	২৯,৪৯০.৩২	৩২,৪৩৯.২৮

২.২ সিদ্ধান্ত: বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ মোতাবেক নিম্নোক্তভাবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ব্যয়সীমা বিভাজন অনুমোদন করা হয়।

(অংকসমূহ কোটি টাকায়)

অর্থবছর	বাজেট ২০১৮-১৯	প্রাক্কলন ২০১৯-২০	প্রক্ষেপন ২০২০-২১	প্রক্ষেপন ২০২১-২২
মোট	২৪,৩৮০.২৪	২৬,৮০৯.৪৫	২৯,৪৯০.৩২	৩২,৪৩৯.২৮
পরিচালন	৩,৫৬২.৮৮	৪,১৭৬.৮৮	৪৩৩২.২৭	৪,৭৬৫.৩০
উন্নয়ন	২০,৮১৭.৬৮	২২,৬৩২.৫৭	২৫,১৫৮.০৫	২৭,৬৭৩.৯৮

৩.০ পরিচালন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ:

৩.১ উপসচিব (বাজেট) অবহিত করেন, বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে ২০১৯-২০ অর্থবছরে এ বিভাগের অনুকূলে প্রদত্ত ব্যয়সীমা ২৬,৮০৯.৪৫ কোটি টাকার মধ্যে পরিচালন ব্যয় ৪,১৭৬.৮৮ কোটি টাকা প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়। চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বিবেচনা এবং বাস্তব চাহিদার নিরীখে সচিবালয় এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র নিরীখে সচিবালয় এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে নির্ধারিত বরাদ্দ প্রাথমিকভাবে পুনঃবিভাজন করার সুপারিশ করেছে। একইভাবে ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের ব্যয়সীমার প্রক্ষেপণ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র মধ্যে পুনঃ বিভাজনের সুপারিশ করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি ২০১৯-২০ অর্থবছরের পরিচালন খাতে বন্টন বিষয়ে সংশ্লিষ্টদের মতামত জানতে চায়।

চলমান পাতা/৩

৩.২ যুগ্মসচিব (বাজেট ও অডিট) জানান যে, বাজেট পরিপত্র-১ অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের জন্য সাকুল্যে (উন্নয়ন ও পরিচালন) ২৬,৮০৯.৪৫ কোটি টাকা সম্ভাব্য বাজেট বরাদ্দের ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে প্রাথমিকভাবে পরিচালন খাতে ৪,১৭৬.৮৮ কোটি ও উন্নয়ন খাতে ২২,৬৩২.৫৭ কোটি টাকা বিভাজনের প্রস্তাব করা হয়। পরিচালন ব্যয়ের ক্ষেত্রে বাস্তব প্রয়োজন বিবেচনায় সচিবালয় ও বিআরটিএ'তে চলতি বছরের তুলনায় যথাক্রমে ১১.১১% ও ২২.৫৮% বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে। ডিটিসিএ ভবন নির্মাণ চলমান রয়েছে বিধায় ডিটিসিএ'র বরাদ্দ চলতি অর্থ বছরে নির্ধারিত ৩০.০০ কোটি টাকা বৃদ্ধি করে ৭৩.০০ কোটি করার প্রস্তাব করা হয়েছে। সড়ক ও জনপথ অধিদপ্তরে পরিচালন খাতে সড়ক, মেরামত ও সংরক্ষণ খাতে চলতি বছরে অন্যান্য বছরের তুলনায় অধিক সংখ্যক কর্মসূচি অনুমোদিত হওয়ায় ধারণা করা হচ্ছে সকল কর্মসূচি সমাপ্ত করা সম্ভব হবে না। ফলে আগামী অর্থবছরে এ সকল কর্মসূচির বিপরীতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। সার্বিক বিবেচনায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে পরিচালন ব্যয় ৩,৭০০.০০ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে।

৩.২ সিদ্ধান্ত: ২০১৯-২০ অর্থবছরের পরিচালন ব্যয় প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের পরিচালন ব্যয়ের প্রক্ষেপণ নিম্নরূপভাবে সচিবালয় ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ সংস্থা'র অনুকূলে বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(অংকসমূহ কোটি টাকায়)

দপ্তর/সংস্থার নাম	বাজেট ২০১৮-১৯	প্রস্তাবিত বাজেট ২০১৯-২০	প্রক্ষেপন ২০২০-২১	প্রক্ষেপন ২০২১-২২
সচিবালয় (আন্তর্জাতিক সংস্থাসহ)	১৮.০০	২১.০০	২২.০০	২৪.০০
সড়ক ও জনপথ অধিদপ্তর	৩২০০.০০	৩,৭০০.০০	৩,৮০৮.০০	৪১৮৮.৮০
বিআরটিএ	৩১৩.৮৮	৩৮৩.৮৮	৪২২.২৭	৪৬৪.৫০
ডিটিসিএ	৩০.০০	৭২.০০	৮০.০০	৮৮.০০
ডিএমটিসিএল	১.০০	-	-	-
সর্বমোট=	৩৫৬২.৮৮	৪১৭৬.৮৮	৪,৩৩২.২৭	৪,৭৬৫.৩০

৪.০ ২০১৯-২০ অর্থবছরের উন্নয়ন ব্যয়সীমা এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন প্রক্ষেপণ

৪.১ উপসচিব (বাজেট) জানান যে, বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে প্রাপ্ত ব্যয়সীমা BWG আলোচনাপূর্বক ২০১৯-২০২০ অর্থবছরের জন্য উন্নয়ন খাতে ২২,৬৩২.৫৭ কোটি টাকা প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়েছে। অর্থ বিভাগ ২০১৮-১৯ অর্থবছরে এ বিভাগের জন্য প্রকল্প সহায়তা মাত্র ৮০০০.০০ কোটি টাকা নির্ধারণ করেছে। বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় উন্নয়ন ব্যয়সীমা আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ সংস্থা'র অনুকূলে অগ্রাধিকার ও প্রকৃত চাহিদা বিবেচনায় পুনঃবিভাজন করা হয়েছে।

৪.২ যুগ্মপ্রধান জনাব মো: জাকির হোসেন সভাকে অবহিত করেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বর্তমানে ১১টি বৈদেশিক সহায়তাপুঁষ্ট প্রকল্প বাস্তবায়ন করছে, যার মধ্যে ০৯টি প্রকল্পের অনুমোদিত ব্যয় ১ হাজার কোটি টাকার বেশী। এছাড়া জিওবি অর্থায়নে আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণে ১০টি এবং জেলা মহাসড়ক যথাযথ মানে উন্নীতকরণে ১০টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে নির্মাণ, ঢাকা-সিলেট মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, ফরিদপুর(ভাঙ্গা)-বরিশাল-কুয়াকাটা মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ এবং ভাঙ্গা-ভাটিয়াপাড়া-নড়াইল-যশোর-বেনাপোল মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ শীর্ষক প্রকল্পসমূহের ভূমি অধিগ্রহণের জন্য জিওবি অর্থায়নে ০৪টি মেগা প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে ৪৮টি নতুন প্রকল্প অনুমোদিত হয়েছে, যেগুলো ২০১৯-২০ অর্থবছরে এডিপিভুক্ত হবে। সকল সড়ক জোনের অপ্রশস্ত ও বুকিপূর্ণ বেইলী সেতু প্রতিস্থাপন করে কংক্রিট সেতু নির্মাণের প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্তমানে এমআরটি লাইন-৬ নির্মাণ, এমআরটি লাইন-১ এর ডিটেইন্ড ডিজাইন, সাসেক রোড কানেক্টিভিটি প্রকল্প (জয়দেবপুর-চন্দ্রা-এলেশা), সাসেক রোড কানেক্টিভিটি প্রকল্প (এলেশা-হাটিকামরুল-রংপুর), ওয়েস্টার্ন ব্রিজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট (বাংলাদেশ), মাতারবাড়ী কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প, বিআরটি (গাজীপুর-এয়ারপোর্ট), সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য সরঞ্জামাদি সংগ্রহ প্রকল্প এর কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। এসব প্রকল্পসহ অন্যান্য জিওবি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় ২০১৯-২০ অর্থবছরের বরাদ্দ চাহিদা নিরূপণ করা হয়েছে। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাভুক্ত সমাপ্তযোগ্য প্রকল্পের জন্য ১০৭৮ কোটি টাকা, বৈদেশিক সহায়তাপুঁষ্ট প্রকল্পের জন্য ৮৫০০ কোটি টাকা, আঞ্চলিক ও জেলা মহাসড়ক উন্নয়নে গৃহীত ২০টি প্রকল্প ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে সীমান্ত সড়ক নির্মাণ প্রকল্পের জন্য ৬৪৯০ কোটি টাকা, চলমান অন্যান্য প্রকল্পের জন্য ১৬৫৩৬ কোটি টাকা, ডিটিসিএ'র আওতাভুক্ত ০৪টি প্রকল্পের জন্য ৪৫ কোটি টাকা, ডিএমটিসিএল এর ০২টি প্রকল্পের জন্য ৭৪০৯ কোটি টাকা এবং বিআরটিসি'র ০৪টি প্রকল্পের জন্য ৩৭৫ কোটি টাকা প্রয়োজন হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উন্নয়ন প্রকল্পের জন্য ২০১৯-২০২০ অর্থবছরে সর্বমোট ৩৯১০০ কোটি টাকার প্রাথমিক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তন্মধ্যে জিওবি খাতে ৩০,০৫০ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য খাতে ৯,০৫০ কোটি টাকা। এ পরিপ্রেক্ষিতে যুগ্মসচিব (বাজেট ও অডিট) জানান যে, অর্থ বিভাগ হতে ২০১৯-২০ অর্থবছরের জন্য প্রকল্প সাহায্য খাতে ৮০০০ কোটি টাকা ধার্য করা হয়েছে। প্রসঙ্গক্রমে তিনি আরও উল্লেখ করেন যে অর্থ বিভাগ হতে বাজেট পরিপত্র-২ জারি করা হবে। তখন এ বিভাগের চাহিদা অনুযায়ী প্রকল্প সহায়তা ও জিওবি খাতের অর্থ পাওয়ার সুযোগ থাকবে।

৪.৩ বিআরটিসি'র ম্যানেজার (প্র্যানিং) জনাব আবু বকর সিদ্দীক জানান, আগামী ২০১৯-২০ অর্থবছরে ১০০টি স্কুল বাস, ২০০টি একতলা নন-এসি সিটি বাস, ২০০টি একতলা এসি সিটি বাস, ১০০টি কাভার্ড ভ্যান ও ০৫টি ওয়াশিং প্ল্যান্ট সংগ্রহ করার পরিকল্পনা গ্রহণ করেছে। এতে প্রয়োজন হবে ৫৩৬.৮৩ কোটি টাকা তন্মধ্যে প্রকল্প সাহায্য (পিএ) ৩৪৬.২৩ কোটি এবং জিওবি খাতে ১৯০.৬০ কোটি টাকা।

চলমান পাতা/৫

৪.৪ ডিএমটিসিএল এর প্রতিনিধি ডিপিডি (অর্থ ও হিসাব) জনাব আব্দুল ওয়াদুদ জানান যে, আগামী ২০১৯-২০ অর্থবছরে মোট ৭৪৮২.৬৩ কোটি টাকা প্রয়োজন হবে তন্মধ্যে প্রকল্প সাহায্য ৫৭৪৭.৫০ কোটি ও জিওবি ১৭৩৫.১৩ কোটি টাকা।

৪.৫ সভাপতি এ পর্যায়ে বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে বেশ কয়েকটি জাতীয় ও জনগুরুত্বপূর্ণ মেগা প্রকল্প চলমান রয়েছে। এ ছাড়া বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প ২০১৯-২০ অর্থবছরে যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। ২০১৯-২০ অর্থবছরে প্রাথমিকভাবে ৩৫টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত আছে। সার্বিক বিবেচনায় উন্নয়ন খাতে ৩৯,১০০ কোটি (জিওবি- ৩০,০৫০ ও পিএ- ৯,০৫০ কোটি) টাকার চাহিদা রয়েছে। পরিচালন ব্যয়সহ এ বিভাগের জন্য সর্বমোট ৪৩,২৭৬.৮৮ কোটি টাকা ব্যয়সীমা নির্ধারণ করার জন্য সভাপতি অর্থ বিভাগের বিশেষ দৃষ্টি আকর্ষণ করেন।

৪.৬ অর্থ বিভাগের উপসচিব (বাজেট-১৬) জানান যে, গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বরাদ্দ কোন অন্তরায় হবে না। তিনি সড়ক বিভাগের গৃহীত প্রকল্পসমূহ অগ্রাধিকার নির্ধারণপূর্বক বরাদ্দ নির্ধারণ করার জন্য পরামর্শ রাখেন।

৪.৭ সিদ্ধান্ত: ২০১৯-২০ অর্থবছরের উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের প্রক্ষেপণ (নির্ধারিত সীমার মধ্যে) নিম্নরূপভাবে বিভাজন অনুমোদন করা হয়।

(অংকসমূহ কোটি টাকায়)

উন্নয়ন	বাজেট ২০১৮-১৯	প্রাক্কলন ২০১৯-২০	প্রক্ষেপণ ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২২
সচিবালয়	৫২০.১৩	২.০০	-	-
সড়ক ও জনপথ অধিদপ্তর	১৫,৭২৮.২৩	১৫,১৫১.৬৩	১৯,২৭০.৯৫	২৬,১৩৫.৪৫
ডিটিসিএ	৫৪.৩০	১৬.৩১	-	-
ডিএমটিসি	এমআরটি লাইন -৬	৩৯০২.৫০	৭২১২.৬৩	৫৭৭০.১০
	এমআরটি লাইন-১	৯৬.৩৭	২১০.০০	১১৭.০০
	মোট	৩,৯৯৮.৮৭	৭৪৮২.৬৩	৫৮৮৭.১০
বিআরটিসি	৫১৬.৩২	৪০.০০	-	-
সর্বমোট=	২০,৮১৭.৮৫	২২,৬৩২.৫৭	২৫,১৫৮.০৫	২৭,৬৭৩.৯৮

৪.৮ সিদ্ধান্ত: ২০১৯-২০২০ অর্থবছরের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে উন্নয়ন খাতে বরাদ্দ ৩৯,১০০ কোটি টাকা (জিওবি- ৩০,০৫০ কোটি ও পিএ- ৯,০৫০ কোটি) টাকা নির্ধারণসহ এ বিভাগের বাজেট ৪৩,২৭৬.৮৮ কোটি টাকা পুনঃনির্ধারণের জন্য অর্থ বিভাগ বরাবর উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হবে।

৫.০ ২০১৯-২০ অর্থবছরের মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MBF) সংশোধন ও হালনাগাদকরণ:

৫.১ উপসচিব (বাজেট) অবহিত করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের MBF অংশের মিশন স্টেটমেন্ট, প্রধান কার্যাবলী, প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সাথে সামঞ্জস্য বিধান করে সংশোধন ও হালনাগাদ করা

হয়েছে। তাই চলতি ২০১৮-১৯ অর্থবছরের জন্য MBF এর কাঠামোগত সংশোধনের প্রয়োজন হবেনা, শুধুমাত্র উপাত্তসমূহের প্রয়োজনীয় সংশোধন করতে হবে।

৫.২ সিদ্ধান্ত: ২০১৮-১৯ অর্থবছরের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বিদ্যমান MBF এর কাঠামো অপরিবর্তিত থাকবে, তবে বাজেট কাঠামোর সংশ্লিষ্ট উপাত্তসমূহ হালনাগাদ করতে হবে। উপসচিব (বাজেট) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২০১৮-১৯ অর্থবছরের বাজেট সংশোধন:

৬.০ রাজস্ব প্রাপ্তির সংশোধন:

৬.১ উপসচিব (বাজেট) জানান যে চলতি অর্থবছরে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর ১৮৩৪.১৯ কোটি, সড়ক ও জনপথ অধিদপ্তরের ৭০০.১০ কোটি টাকা ও সচিবালয়ের জন্য ০.১০ কোটি টাকা রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। তিনি ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা বাজেটের অনুরূপ রাখার প্রস্তাব করেন। বিআরটিএ এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিনিধিগণ রাজস্ব প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রার বিষয়ে একমত পোষন করেন। অর্থ বিভাগের প্রতিনিধি উপসচিব (বাজেট-১৬) জানান যে, সরকারের উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের জন্য রাজস্ব আদায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি অতিরিক্ত লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে অর্থবিভাগ সজাগ রয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন।

৬.২ সিদ্ধান্ত: ২০১৮-১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা মূল বাজেটের অনুরূপ থাকবে, যা নিম্নে প্রদর্শন করা হলো।

(অংকসমূহ কোটি টাকায়)

দপ্তর/সংস্থার নাম	বাজেট ২০১৮-১৯	সংশোধিত প্রাক্কলন (২০১৮-১৯)
বিআরটিএ	১,৮৩৪.১৯	১,৮৩৪.১৯
সড়ক ও জনপথ অধিদপ্তর	৭০০.১০	৭০০.১০
সচিবালয়	০.১০	০.১০
সর্বমোট=	২,৫৩৪.৩৮	২,৫৩৪.৩৮

৭.০ অনুন্নয়ন ব্যয়ের সংশোধন:

৭.১ যুগ্মসচিব (বাজেট ও অডিট) জানান যে বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় সচিবালয় অংশে চলতি ২০১৮-১৯ অর্থবছরের অনুন্নয়ন খাতে মূল বাজেটে ১৮.০০ কোটি টাকার বিপরীতে ১৯.২০ কোটি টাকার সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তাব করা হয়েছে। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশে বিদ্যমান ই-নথি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম জোড়দার করা প্রয়োজন। এ প্রসঙ্গে সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান কম্পিউটার ও উচ্চ ক্ষমতাসম্পন্ন স্ক্যানার ক্রয়সহ শক্তিশালী লোকাল নেটওয়ার্ক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ৩০ লক্ষ টাকা আবশ্যিক।

চলমান পাতা/৭

৭.২ জনাব আবুল কালাম আজাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:), রক্ষণাবেক্ষণ সার্কেল, সওজ অধিদপ্তর ২০১৮-১৯ অর্থবছরে মূলত: সড়ক ও মহাসড়ক (অর্থনৈতিক কোড ***৩২৫৮১১০) খাতে ৩০০.০০ কোটি টাকা এবং পেট্রোল, লুব্রিকেন্ট, প্রচার বিজ্ঞাপন, জরিপ, হায়ারিং চার্জ, আবাসিক ও অনাবাসিক ভবন (মেরামত ও সংরক্ষণ) খাতে ৩০.০০ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন হবে।

৭.৩ বিআরটিএ'র প্রতিনিধি চলতি অর্থবছরে পরিচালন খাতে বিআরটিএ'র অনুকূলে বরাদ্দকৃত ৩১৩.৮৮ কোটি টাকার বিপরীতে ৩৮০.০০ কোটি টাকা আবশ্যিক। বিআরটিএ সদর কার্যালয় স্থানান্তরের কারনে পরিষ্কার পরিচ্ছন্নতা, আউটসোর্সিং ও ব্যবহার্য দ্রব্যাদি খাতে অতিরিক্ত ৬৬.১২ কোটি টাকা প্রয়োজন।

৭.৪ পরিচালক (প্রশাসন), ডিটিসিএ চলতি অর্থবছরে ডিটিসিএর অনুকূলে ৩০.০০ কোটি টাকার বিপরীতে ৫৬.৬৮ টাকার সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তাব করেন। তিনি জানান, ডিটিসিএ ভবন নির্মাণের জন্য অতিরিক্ত ২৬.৬৮ কোটি টাকা প্রয়োজন হবে।

৭.৫ ডিএমটিসিএল এর প্রতিনিধি ডিপিডি (অর্থ ও হিসাব) জনাব আব্দুল ওয়াদুদ চলতি অর্থবছরে ডিএমটিসিএল এর অনুকূলে পরিচালন খাতে বরাদ্দকৃত ১.০০ কোটি টাকা অন্য কোন দপ্তর/সংস্থা বা সচিবালয় অংশে স্থানান্তরের অনুরোধ করেন।

৭.৬ সিদ্ধান্ত: এ বিভাগ এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে নিম্নোক্তভাবে সংশোধিত অনুময়ন ব্যয় প্রস্তাব অনুমোদন করা হয়।

(অংকসমূহ কোটি টাকায়)

দপ্তর/সংস্থার নাম	বাজেট ২০১৮-১৯	সংশোধিত প্রাক্কলন (২০১৮-১৯)	মন্তব্য
সচিবালয় (আন্তর্জাতিক সংস্থাসহ)	১৮.০০	১৯.৫০	
সড়ক ও জনপথ অধিদপ্তর	৩২০০.০০	৩৫৩০.০০	
বিআরটিএ	৩১৩.৮৮	৩৮০.০০	
ডিটিসিএ	৩০.০০	৫৬.৬৮	
ডিএমটিসিএল	১.০০	-	
সর্বমোট=	৩৫৬২.৮৮	৩,৯৮৭.৫০	

৮.০ উন্নয়ন ব্যয়ের সংশোধন

৮.১ যুগ্মপ্রধান জনাব মো: জাকির হোসেন জানান যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ১টি চলমান ও ২৫টি নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিতে বরাদ্দের জন্য প্রস্তাব করা হয়েছে। ২৬টি প্রকল্পের জন্য মোট অতিরিক্ত চাহিদা ৫,১৩৪.৬৬ কোটি টাকা যা নিম্নরূপঃ

বিবরণ	অতিরিক্ত বরাদ্দ চাহিদা (কোটি টাকায়)
ক) ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচর-ভাঙ্গা অংশ ধীর গতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নীতকরণ (চলমান প্রকল্প)	৩৪৬.৮৩
খ) ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচর-ভাঙ্গা অংশ ধীর গতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ (নতুন অনুমোদিত)	৪,১১১.৮৫

চলমান পাতা/৮

গ) রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প (নতুন অনুমোদিত)	:	৩২৭.৩৪
ঘ) ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ প্রকল্প (নতুন অনুমোদিত)	:	৪৯.৯৮
ঙ) নতুন অনুমোদিত ২২টি প্রকল্পের জন্য বরাদ্দ (প্রস্তাবের ক্রম ২ থেকে ২২ ও ২৫)	:	২৭.৫২
মোট টাকা=		৪,৮৬৩.৫২

তিনি আরও জানান যে, ৪টি (ক্রম ক-ঘ) প্রকল্পের জন্যই প্রায় ৪,৮৩৬.০০ কোটি টাকা প্রয়োজন হবে। অবশিষ্ট ২২টি প্রকল্পের জন্য ২৭.৫২ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে।

৮.২ ডিএমটিসিএল এর প্রতিনিধি উপপ্রকল্প পরিচালক (অর্থ ও হিসাব) জনাব আব্দুল ওয়াদুদ জানান যে, চলতি ২০১৮-১৯ অর্থবছরে মোট বরাদ্দ আছে ৩৯৯৮.৮৭ কোটি টাকা, যার মধ্যে প্রকল্প সহায়তা ৩৩২৬.১৯ কোটি এবং জিওবি খাতে ৬৭২.৬৮ কোটি টাকা। এমআরটি লাইন-৬ প্রকল্পে মোট বরাদ্দ ৩৯০২.৫০ কোটি টাকা, যার মধ্যে প্রকল্প সাহায্য খাতে ৩২৬৬.০০ কোটি ও জিওবি খাতে ৬৩৬.৫০ কোটি টাকা। উক্ত প্রকল্পের পিএ খাতে ১৪০৭.৫০ কোটি টাকা এবং জিওবি খাতে ৬১৭ কোটি টাকা মোট ১৪১৩.৬৭ কোটি টাকা চলতি অর্থবছরে প্রয়োজন হবে না।

৮.৩ বিআরটিসি'র ম্যানেজার প্ল্যানিং জনাব আবু বকর সিদ্দিক জানান যে, বিআরটিসি'র চলমান ৪টি প্রকল্পের মধ্যে বৈদেশিক সাহায্যপুষ্ট ৩টি প্রকল্পই চলতি অর্থবছরে সমাপ্ত হবে। “দক্ষ চালক তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসি'র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র আধুনিকায়ন ও শক্তিশালীকরণ” শীর্ষক জিওবি প্রকল্পটি সংশোধনের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রস্তাব প্রেরণ করা হয়েছে; যা আগামী ২০১৯-২০ অর্থবছরে সমাপ্ত হবে। চলতি অর্থবছরে বিআরটিসি'র অনুকূলে বরাদ্দকৃত ৫১৬.৩২ কোটি টাকার বিপরীতে সংশোধিত বাজেটে আরও অতিরিক্ত ১১৮.৫৮ কোটি টাকা প্রয়োজন হবে।

৮.৪ সিদ্ধান্ত: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার অনুকূলে নিম্নোক্তভাবে সংশোধিত উন্নয়ন ব্যয় অনুমোদন করা হয় এবং তদানুযায়ী অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করতে হবে।

(অংকসমূহ কোটি টাকায়)

উন্নয়ন	২০১৮-১৯ অর্থবছরের এডিপি			২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত এডিপি		
	মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ
সচিবালয়	৫২০.১৩	-	-	-	-	-
সড়ক ও জনপথ অধিদপ্তর	১৫,৭২৮.২৩	১১,৯২১.৩৭	৩,৮০৬.৮৬	২১,২৯৮.৯০	১৭,৯৭৬.৯৪	৩,৩২১.৯৬
ডিটিসিএ	৫৪.৩০	৭.৯৯	৪৬.৩১	৫৫.০৪	৮.৩৭	৪৬.৬৭
ডিএমটিসিএল	এমআরটি লাইন -৬	৩৯০২.৫০	৬৩৬.৫০	৩,২৬৬.০০	২,৪৮৮.৮৩	৬৩০.৩৩
	এমআরটি লাইন-১	৯৬.৩৭	৩৬.১৮	৬০.১৯	৯৬.৩৭	৩৬.১৮
	মোট	৩,৯৯৮.৮৭	৬৭২.৬৮	৩৩২৬.১৯	২,৫৮৫.২০	৬৬৬.৫১
বিআরটিসি	৫১৬.৩২	১৬৫.২৩	৩৫১.০৯	৬৩৪.৯০	১৬৮.৮৬	৪৬৬.৪৪
সর্বমোট=	২০,৮১৭.৮৫	১২,৭৬৭.২৩	৭৮৩০.৪৯	২৪,৫৭৪.০৪	১৮,৮২০.২৮	৫,৭৫৩.৭৬

চলমান পাতা/৯

২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (APA) অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন

৯.০ উপসচিব (বাজেট) জানান মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা, ২০১৮-১৯ অনুযায়ী এ বিভাগের এপিএ টিম কর্তৃক অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়। উক্ত প্রতিবেদন পর্যালোচনার লক্ষ্যে গত ১৪.০১.২০১৯ তারিখ কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুল এর সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- কর্মসম্পাদন সূচক [১.১.২] বাস্তবায়িত সাসেক প্রকল্প (ক্রমপুঞ্জিভূত) এর ডিপিপি সংশোধন করা হলেও লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হয়নি। লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
- সড়ক ও জনপথ অধিদপ্তর বিশেষজ্ঞ পুল কর্তৃক সাসেক প্রকল্প ও পায়রা সেতু নির্মাণ প্রকল্পের কাজ সরেজমিন পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুসারে কর্মসম্পাদন সূচক [১.৭.১] নির্মিত সেতু ও কালভার্ট এবং [১.৭.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট এর Soft Targeting বিদ্যমান। বিষয়টি অনুসন্ধানপূর্বক আগামী অর্থবছরের APA প্রস্তুতকালে জনস্বার্থ ও জনগুরুত্ব বিবেচনায় কার্যকর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে;
- বিআরটিএ কর্তৃক ডিজিটাল রেজি: সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে জনসাধারণের সময়, অর্থ ও ভিজিট হার হ্রাস করার লক্ষ্যে সহজ পন্থা অনুসন্ধান করতে হবে;
- ঢাকা মহানগরীতে চলাচলকারী যানবাহনের সৌন্দর্য বৃদ্ধিকরণে সংশ্লিষ্ট অংশীজনকে সচেতন করার জন্য বিআরটিএ কর্তৃক প্রয়োজনীয় বিজ্ঞপ্তি/বিজ্ঞাপন প্রচার করতে হবে;
- সওজ অধিদপ্তর কর্তৃক মহাসড়ক মার্কিং এর কাজের সঠিকতা যাচাইয়ে মনিটরিং ব্যবস্থা জোড়দার করতে হবে।

তিনি আরও জানান যে, এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) কর্তৃক অনুমোদন পূর্বক ৩১ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। এ পর্যায়ে উপসচিব (বাজেট) ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন (নিজস্ব কৌশলগত উদ্দেশ্য অংশ ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশ) সভায় উপস্থাপন করেন।

৯.১ ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন (নিজস্ব কৌশলগত উদ্দেশ্য অংশ ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশ) এর উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:



চলমান পাতা/১০

- (ক) বিশেষজ্ঞ পুল এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থাসমূহ জরুরি ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণপূর্বক এ বিভাগ-কে অবহিত করবে।
- (খ) অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী কর্মসম্পাদনসূচক ভিত্তিক অর্জন সন্তোষজনক এবং এ ধারাবাহিকতা বজায় রাখতে সংশ্লিষ্ট সংস্থা প্রধানগণ কার্যকরী উদ্যোগ গ্রহণ করবেন।
- (গ) উপসচিব (বাজেট) এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারে দাখিলপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

১০. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২১.০১.২০১৯

(মোহাম্মাদ বেলায়েত হোসেন)


অতিরিক্ত সচিব

নং-৩৫.০০.০০০০.০৪৭.২০.০০৪.১৯-২১

তারিখঃ ০৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, আইএমইডি, শেরে-এ-বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-এ-বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য, কার্যক্রম বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (বাজেট, উন্নয়ন, সম্পত্তি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৫. অতিরিক্ত সচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বিআরটিএ ভবন, বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, রাজউক এডিনিউ, মতিঝিল, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, Dhaka Mass Transit Company Limited (DMTCL), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১৩. যুগ্মসচিব (বাজেট ও অডিট)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪. উপসচিব (ডিটিসিএ, সমন্বয় ও প্রশিক্ষণ, ডিএফডিপি, জিএফডিপি, অডিট, ঢাকা বিআরটি)/উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম, কার্যক্রম ও এডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৫. উপসচিব (বাজেট-১৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী প্রধান (বৈদেশিক সহায়তা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়


২১/০১/২০১৯
(মোঃ আব্দুল মোস্তাদেয়)
উপসচিব

ফোন : ৯৫৫৫৩২৩

ই-মেইল : dsbudget@rthd.gov.bd

অনুলিপি :

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)
৪. অফিস কপি।